# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৬০

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কেবল হাজরে আসওয়াদ ও রুকনে ইয়ামানীর ইস্তিলাম করা।

باب مَا جَاءَ فِي اسْتِلاَمِ الْحَجَرِ وَالرُّكْنِ الْيَمَانِي دُونَ مَا سِوَاهُمَا

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا سُفْيَانُ، وَمَعْمَرٌ، عَنِ ابْنِ خُثَيْمٍ، عَنْ أَبِي الطُّفَيْلِ، قَالَ كُنْتُ مَعَ ابْنِ عَبَّاسٍ وَمُعَاوِيَةُ لاَ يَمُرُّ بِرُكْنٍ إِلاَّ اسْتَلَمَهُ فَقَالَ لَهُ ابْنُ عَبَّاسٍ إِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم لَمْ يَكُنْ يَسْتَلِمُ إِلاَّ الْحَجَرَ الأَسْوَدَ وَالرُّكْنَ الْيَمَانِيَ . فَقَالَ مُعَاوِيَةُ لَيْسَ شَيْءٌ مِنَ الْبَيْتِ مَهْجُورًا . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ أَنْ لاَ يَسْتَلِمَ إِلاَّ الْحَجَرَ الأَسْوَدَ وَالرُّكْنَ الْيَمَانِيَ .

বাংলা

৮৬০. মাহমুদ ইবনু গায়লান (রহঃ) ..... আবূত তুফায়ল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা ইবনু আব্বাস এর সঙ্গে ছিলাম। মুআবিয়া (রাঃ) তাওয়াফের সময় যে কোন রুকনের পাশ দিয়ে যাচ্ছিলেন সেটিকেই ইস্তিলাম করছিলেন। তখন ইবনু আব্বাস তাকে বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকনে ইয়ামানী ও হাজরে আসওয়াদ ব্যতীত অন্য কোন রুকনের ইস্তিলাম করতেন না। মুআবিয়া (রাঃ) বললেন, বায়তুল্লাহর কিছুই পরিত্যাক্ত নয়। - আলহাজ্জুল কাবীর, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৫৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু আব্বাস (রাঃ) বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। অধিকাংশ আলিম এই হাদীস অনুসারে আমল গ্রহণের অভিমত দিয়েছেন যে, হাজরে আসওয়াদ ও রুকনে ইয়ামানী ছাড়া অন্য কিছুর ইস্তিলাম করা হবে না।

## English

Abu Tufail narrated:
"I was with Ibn Abbas, and Mu'awiyah would not pass any corner without touching it. So Ibn Abbas said to him: 'the Prophet would not touch any

besides the Black Stone and the Yemeni corner.' So Mu'awiyah said: 'There is no part of the House that is untouchable.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবুত্ব তুফায়ল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18049

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন